

ছালাতুর রাসূল (ছাঃ)

বিভাগ/অধ্যায়ঃ ছালাতের বিবিধ জ্ঞাতব্য (مسائل متفرقة في الصلاة) রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

৭. অন্ধ, গোলাম ও বালকদের ইমামত (إمامة الأعمى والمملوك والصبي)

- (ক) রাসূলুল্লাহ (ছাঃ) অন্ধ ছাহাবী আব্দুল্লাহ ইবনে উম্মে মাকতূম (রাঃ)-কে দু'বার মদ্বীনার ইমামতির দায়িত্ব দেন।[35] অন্ধ ছাহাবী উৎবান বিন মালেক (রাঃ) তার কওমের ইমামতি করতেন। [36]
- খে) আবু হ্যায়ফা (রাঃ)-এর গোলাম সালেম কোবা-র 'আছবাহ (العصبة) নামক স্থানে হিজরতের পূর্বে মুসলমানদের ইমামতি করতেন। ওমর ও আবু সালামা (রাঃ) প্রমুখ ছাহাবী তার মুক্তাদী হ'তেন।[37] হ্যরত আয়েশা (রাঃ)-এর গোলাম আবু 'আমর মুক্ত হওয়ার পূর্বে লোকদের ইমামতি করতেন (মুসনাদে শাফেঈ)।
- (গ) 'আমর বিন সালামাহ বিন কায়েস (রাঃ) ভাল কারী হওয়ার কারণে ৬, ৭ বা ৮ বছর বয়সে ইমামতি করেছেন।[38]

ফটনোট

- [35] . আহমাদ, আবুদাঊদ হা/৫৯৫; মিশকাত হা/১১২১ 'ইমামত' অনুচ্ছেদ-২৬।
- [36] . বুখারী, নাসাঈ, নায়লুল আওত্বার ৪/৫৭-৫৮, 'অন্ধের ইমামত' অনুচ্ছেদ।
- [37] . বুখারী, মিশকাত হা/১১২৭ 'ইমামত' অনুচ্ছেদ-২৬; নায়লুল আওত্বার ৪/৫৯।
- [38] . আহমাদ, আবুদাউদ, নাসাঈ প্রভৃতি; নায়ল ৪/৬৩; বুখারী, মিশকাত হা/১১২৬।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=9225

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন